# পবিত্র ঈদ-উল-আযহা ২০১৯ (১৪৪০ হিজরী) উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : প্রিয়াংকা দেবী পাল, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।

স্থান : উপজেলা পরিষদ, বড়াল সভা কক্ষ

তারিখ : ০৫ আগস্ট ২০১৯ খ্রি.

সময় : বিকাল ০৩:৩০ টা।

উপস্থিত সদস্যগণকে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০১৯ উদযাপন সংক্রান্ত আলোচনা সভায় স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি জেলা প্রশাসক, নাটোর মহোদয়ের কার্যালয়ের ৩১ জুলাই ২০১৯ খ্রি. তারিখের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। বাগাতিপাড়া উপজেলায় পবিত্র ঈদ-উল-আযহা যথাযোগ্য মর্যাদায়, ধর্মীয় ভাবগাম্ভীর্য, সৌহার্দ্যপূর্ণ ও উৎসবমূখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | সকল সরকারি ও বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করতে হবে।স্ব-স্ব কর্তৃপক্ষ বা ভবনের মালিকগণ নিজ নিজ ব্যবস্থাপনায় জাতীয় পতাকা উত্তোলনের ব্যবস্থা করবেন। জাতীয় পতাকার সঠিক রং, পরিমাপ এবং পতাকা সোজা ও শক্ত দন্ডের সাথে উত্তোলনের বিষয়টি সংশ্লিষ্ট সকলে নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান/ব্যক্তি |
| ২ | বাগাতিপাড়া উপজেলা পরিষদ কেন্দ্রীয় ঈদগাহ মাঠে সকাল ৮.০০ ঘটিকায় ঈদের প্রধান জামাত অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় ঈদগাহ মাঠ পরিস্কার পরিচ্ছন্ন এবং সাজিয়ে রাখার জন্য এবং পৌর এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ জানানো হলো। | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা |
| ৩ | পশুর হাটসমূহে ঈদগাহ মাঠে নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা রক্ষার জন্য অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা কে অনুরোধ করা হলো। | অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা |
| ৪ | গবাদিপশুতে ক্ষতিকারক স্টেরয়েড/হরমোন অপপ্রয়োগ করা হয়েছে কিনা তা নিরুপনের জন্য ভেটেনারী মেডিক্যাল টিম বাগাতিপাড়া উপজেলার সংশ্লিষ্ট গবাদি পশুর হাটে অবস্থান করবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া |
| ৫ | নির্ধারিত স্থানে পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনার আওতায় সকল ইউনিয়ন ও পৌরসভা কর্তৃক নির্ধারিত স্থান সমূহে পশু কোরবানী নিশ্চিত ও দ্রুততম সময়ের মধ্যে গঠিত কমিটিসমূহের মাধ্যমে বর্জ্য অপসারন নিশ্চিত করার জন্য মেয়র ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানানো হলো। | মেয়র/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৬ | ঈদের পূর্ব দিন থেকে ঈদের পরের দিন পর্যন্ত জরুরী চিকিৎসার জন্য মেডিক্যাল টিম গঠন করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগাতিপাড়া |
| ৭ | হাসপাতাল ও এতিম খানায় ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশ করার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ৮ | পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে পশুর হাট সমূহে অনেক টাকা লেনদেন হয়ে থাকে। কিছু অসাধু ব্যক্তি জাল নোটের ব্যবহার করে থাকে । এ বিষয়ে প্রচারণা অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট হাটের ইজারাদারকে নির্দেশনা প্রদান করা হলো এবং জাল নোট সনাক্ত করে প্রশাসন কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা/ সংশ্লিষ্ট ইজারাদার |
| ৯ | পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে পৌর এলাকায় অবস্থিত ইউ এন ও পার্কে অনেক দর্শনার্থীর সমাগম হবে। পৌরসভার পরিচ্ছন্ন কর্মী দ্বারা ইউএনও পার্ক পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য মেয়র, বাগাতিপাড়া পৌরসভাকে অনুরোধ করা হলো। | মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, |
| ১০ | সভায় উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, পশু হাটে কত গুলো পশু ক্রয় বিক্রয় হয় তা তাদের উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হয়। কোরবানীর পশু হাটে কতগুলো পশু ক্রয় বিক্রয় হচ্ছে তার তথ্য ভেটেনারী টিম কে জানানোর জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে নির্দেশনা প্রদান করা হলো। | সংশ্লিষ্ট ইজারাদার |

| | | |
|---|---|---|
| ১১ | ঈদের সময় মাদকের অবৈধ ব্যবহার যেন বৃদ্ধি না পায় এবং রাস্তাগুলোতে যাতে দ্রুত গতিতে মোটরসাইকেল চলাচল না করতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার ইন চার্জ, বাগাতিপাড়া মডেল থানা |
| ১২ | পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে উপজেলা পরিষদের বিভিন্ন অফিস এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহ আলোকসজ্জা করার প্রস্তাব উপস্থাপন হলেও জাতীয় শোক দিবস উপলক্ষে তা বাস্তবায়ন না করার জন্য উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদের সকল দপ্তর প্রধানগণ |

১২। এছাড়াও পবিত্র ঈদ-উল-আযহা যথাযথভাবে উদযাপনের বিষয়টি সার্বিক মনিটরিং করার জন্য নিম্নোক্তভাবে ভিজিলেন্স টিম গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাগাতিপাড়া | আহবায়ক |
| ২ | অফিসার ইনচার্জ (তদন্ত), বাগাতিপাড়া মডেল থানা | সদস্য |
| ৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগাতিপাড়া | সদস্য |
| ৪ | আহবায়ক, বাগাতিপাড়া উপজেলা প্রেস ক্লাব | সদস্য |

১৩। বাগাতিপাড়া উপজেলার বর্জ্য ব্যবস্থাপনার স্থান নির্বাচনের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।

| | | |
|---|---|---|
| ১ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর | আহবায়ক |
| ২ | ইউপি চেয়ারম্যান (সকল), বাগাতিপাড়া, নাটোর | সদস্য |
| ৩ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বাগাতিপাড়া | সদস্য |
| ৪ | আহবায়ক, বাগাতিপাড়া উপজেলা প্রেস ক্লাব | সদস্য |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে পবিত্র ঈদ-উল-আযহা এর আগাম শুভেচ্ছা ও মোবারকবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর।
bagatipara.natore.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪৩.৬৯০৯.০০০.১২.০৩৭.১৯. ৫৪৬

তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬ / ০৫ আগস্ট ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:-

১। মাননীয় সংসদ সদস্য, ৫৮, নাটোর-০১ (লালপুর-বাগাতিপাড়া)।
২। জেলা প্রশাসক, নাটোর।
৩। পুলিশ সুপার, নাটোর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
৫। সহকারী কমিশনার (ভূমি), বাগাতিপাড়া, নাটোর।
৬। মেয়র, বাগাতিপাড়া পৌরসভা, নাটোর।
৭। চেয়ারম্যান..................................ইউপি, বাগাতিপাড়া, নাটোর।
৮। উপজেলা..................................কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর।
৯। ..............................................................................
..........................................................বাগাতিপাড়া, নাটোর।

(প্রিয়াংকা দেবী পাল)
উপজেলা নির্বাহী অফিসার
বাগাতিপাড়া, নাটোর।